**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 20-07-24** **Desk in Charge :**

**Time : 7-35AM** **Compiling :**

**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement** – আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ লোকসভা ভোটের নিরাপত্তা সহ বিভিন্ন কাজে নিযুক্ত রাজ্য পুলিশের কর্মীদের বিশেষ ভাতা মঞ্জুর করেছে রাজ্য সরকার।

২/ রাজ্যে, প্রায় ৫'হাজার রাজ্য সরকারি ও সরকার পোষিত স্কুলে নিয়োগ প্রক্রিয়া শুরু করতে চলেছে সরকার।

৩/ বেহাল বিদ্যুত পরিষেবার বিরুদ্ধে গ্রামবাসীদের বিক্ষোভ অবরোধকে কেন্দ্র করে রণক্ষেত্র মালদার এনায়েতপুরের পরিস্থিতি এখন মোটামুটি শান্তিপূর্ণ।

৪/ দক্ষিণ ২৪ পরগণরা সোনারপুরে সালিশী সভা বসিয়ে অত্যাচারের ঘটনায় মূল অভিযুক্ত জামালউদ্দিন সর্দার গ্রেপ্তার।

৫/ উত্তর ২৪ পরগণার আড়িয়াদহের তালতলা স্পোর্টিং ক্লাবে মারধোরের ভিডিও করার ঘটনায় অন্যতম অভিযুক্ত পলাতক রাহুল গুপ্তাকে গ্রেফতার করা হয়েছে।

৬/ নিম্নচাপের প্রভাবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় সোমবার পর্যন্ত ভারী বৃষ্টির পূর্বাভাস।

*********************************************************

লোকসভা ভোটে নিরাপত্তা সহ বিভিন্ন কাজে নিযুক্ত রাজ্য পুলিশের কর্মীদের বিশেষ ভাতা মঞ্জুর করেছে রাজ্য সরকার। এজন্য প্রায় ৩২ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

রাজ্যের স্বরাষ্ট্র দফতর গতকাল  এক বিজ্ঞপ্তি জারি করে লোকসভা নির্বাচনে কাজ করা বিভিন্ন পদমর্যাদার পুলিশকর্মীদের আনুপাতিক হারে এই ভাতা দেওয়ার কথা ঘোষণা করে।

এতে  বলা  হয়েছে পুলিশের অতিরিক্ত মহা নির্দেশক পদ থেকে ওসি এবং আই সি পদমর্যাদার আধিকারিক পর্যন্ত কর্মীরা এক মাসের মূল বেতন ভাতা হিসেবে পাবেন। জেলা, পুলিশ জেলা ও কমিশনারেটের হিসাব রক্ষক, ক্লার্ক ক্যাশিয়ার এর মত কর্মী এবং ইলেকশন সেলের দায়িত্বে থাকা কর্মীরাও এই ভাতার আওতায় আসবেন।

অন্যদিকে লোকসভা ভোটে যে সমস্ত পুলিশ কর্মী ও আধিকারিক নিজেদের কাজের এলাকাতেই কুইক রেসপন্স টিম,নাকা, রেডিও ফ্লাইং স্কোয়াড সহ বিভিন্ন বিভাগে কাজ করেছেন তাঁদের এককালীন ৭৫০০ টাকা করে  ভাতা দেওয়ার কথা ঘোষণা করা হয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের নির্দেশে অন্যান্য যে সমস্ত পুলিশ কর্মী আধিকারিক ও স্বরাষ্ট্র দপ্তরের কর্মী ভোটের বিশেষ ডিউটিতে ছিলেন তারাও ওই একই অংকের ভাতা পাবেন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

******************

অনলাইনে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পাওয়ার  জন্য রাজ্য পুলিশের তরফ থেকে আজ একটি পোর্টাল চালু করা হয়েছে। ADG দক্ষিণবঙ্গ সুপ্রতিম সরকার সহ শীর্ষ আধিকারিকদের উপস্থিতিতে পশ্চিমবঙ্গ পুলিশের সদর দফতর ভবানী ভবন থেকে গতকাল এই পোর্টালের আনুষ্ঠানিক সূচনা হয়। এর আগে শুধুমাত্র কলকাতা এবং বিধাননগর পুলিশ কমিশনারেটে অনলাইনে মাধ্যমে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পাওয়া যেত। পশ্চিমবঙ্গ পুলিশের আওতাধীন এলাকায় পুরনো পদ্ধতিতে ওই সার্টিফিকেট পেতে মানুষকে

হয়রানি মুখে পড়তে হত। এখন থেকে pcc.wb.gov.in এবং পশ্চিমবঙ্গ পুলিশের ওয়েবসাইটে সরাসরি ক্লিয়ারেন্স সার্টিফিকেটের জন্য আবেদন করা যাবে। রাজ্যের বাইরে থেকেও অনলাইনে আবেদন জানানো যেতে পারে । আবেদন করার ৭২ ঘণ্টা থেকে এক সপ্তাহের মধ্যেই অনলাইনে ওই সার্টিফিকেটের কপি পাওয়া যাবে বলে জানানো হয়েছে। তবে অনলাইন মাধ্যম শুরু করা হলেও পুরনো পদ্ধতিতে আবেদন করার পথও সমান্তরালভাবে খোলা থাকছে ।

*****************

রাজ্য সরকার প্রায় ৫ হাজার সরকারি ও সরকার পোষিত স্কুলে প্রধান শিক্ষক এবং শিক্ষিকার শূন্য পদে নিয়োগ প্রক্রিয়া শুরু করতে চলেছে। স্কুল শিক্ষা দফতর সূত্রে খবর, এজন্য প্রয়োজনীয় বিধি প্রস্তুত করে মুখ্যমন্ত্রীর চূড়ান্ত অনুমোদনের জন্য পাঠানো হয়েছে ।

আগামী মঙ্গলবার বিধানসভা ভবনে মুখ্যমন্ত্রীর পৌরহিত্যে রাজ্য মন্ত্রিসভার বৈঠক বসতে চলেছে। নবান্ন সূত্রে জানা গেছে, সেখানেই এই বিধি আনুষ্ঠানিক অনুমোদনের জন্য পেশ করা হবে।

*****************

ক্ষুদ্র ও কুটির শিল্পকে পর্যটক ও সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে রাজ্য সরকার, জেলাস্তরে শপিং মল তৈরি করার সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা, গ্রামীণ এলাকার বিভিন্ন স্বনির্ভর গোষ্ঠীর তৈরি পণ্য বিক্রির জন্যে রাজ্যের ১০ জেলার জেলাশাসককে চিঠি দিয়ে জমি চিহ্নিত করার নির্দেশ দিয়েছেন। এর মধ্যে রয়েছে আসানসোল, দুর্গাপুর, বর্ধমান, শিলিগুড়ি, জলপাইগুড়ি, দীঘা, বহরমপুর, মালদা, চন্দননগর সহ আরো কয়েকটি জায়গা।

উল্লেখ্য, রাজ্যের গ্রামীণ এলাকায় বর্তমানে ১২ লক্ষের কিছু বেশি মহিলা পরিচালিত স্বনির্ভর গোষ্ঠী রয়েছে।

*****************

রাজ্য সরকার , ২০২৫ সালের ফেব্রুয়ারি মাসে বিশ্ববাংলা বাণিজ্য সম্মেলন করার প্রস্তুতি শুরু করেছে।  নবান্নের শীর্ষস্তর থেকে ইতিমধ্যেই সব দপ্তরকে প্রস্তুতি শুরু করতে বলা হয়েছে। নবান্ন সূত্রে খবর, মুখ্যমন্ত্রীর প্রধান মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা অমিত মিত্র আগামী সপ্তাহে শপিং ফেস্টিভ্যালের জন্য শিল্পপতি ও প্রশাসনের সঙ্গে বৈঠক করবেন। ওই বৈঠকেই বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন নিয়ে আলোচনা হবে বলে জানা গেছে। এবছর পুজোর আগে সেপ্টেম্বর মাস দুবাই শপিং ফেস্টিভ্যালের মত বিশ্ব বাংলা শপিং ফেস্টিভ্যালের আয়োজন করতে চলেছে রাজ্য।

উল্লেখ্য, এ বছর লোকসভা নির্বাচনের কারণে বিশ্ব বাংলা বাণিজ্য সম্মেলনের প্রস্তুতি নেওয়া সম্ভব হয়নি। তাই এই সম্মেলন হচ্ছে না। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি কিছু দিন আগে নবান্ন সভাঘরে শিল্প নিয়ে শপিং ফেস্টিভ্যাল করার সিদ্ধান্ত নিয়েছিলেন ।

******************

সংবিধানের ৩৬১ নম্বর ধারায়  ফৌজদারি, দেওয়ানি ও সাংবিধানিক মামলায় তদন্ত করা থেকে রাজ্যপালের পদ-কে দেওয়া রক্ষাকবচ নিয়ে প্রশ্ন তুলে রাজভবনের মহিলা কর্মীর দায়ের করা আবেদনের প্রেক্ষিতে সুপ্রিম কোর্ট, রাজ্যের উদ্দেশে নোটিশ জারি করেছে। রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোসের বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ নিয়ে শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিলেন ওই কর্মী। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় এবং দুই বিচারপতি জে বি পার্দিওলা ও মনোজ মিশ্রার বেঞ্চ গতকাল এই মামলায় রাজ্যকে নোটিশ জারির পাশাপাশি  সংবিধানের ৩২ নম্বর ধারার অধীনে ভারত সরকারকে এই মামলায় যুক্ত করার ব্যাপারে ওই মহিলা কর্মীকে স্বাধীনতা দিয়েছে। এছাড়াও, এব্যাপারে কেন্দ্রের অ্যাটর্নি জেনারেল আর ভেঙ্কাটারামানির সাহায্য’ও চাওয়া হয়েছে।

উল্লেখ্য, গত দোসরা মে রাজভবনের অস্থায়ী এক কর্মী রাজ্যপালের বিরুদ্ধে যৌন হেনস্থার অভিযোগ করলেও, কলকাতা পুলিশ রাজ্যপালের বিরুদ্ধে

কোনো মামলা দায়ের করেনি। ওই মহিলা হাইকোর্টে গেলে সেখানেও তদন্তে স্থগিতাদেশ দেওয়া হয়। এরপরই সুপ্রিম কোর্টে রিট পিটিশন দাখিল করেন তিনি। তিন সপ্তাহ পর মামলার পরবর্তী শুনানি।

******************

বিদ্যুতের মাশুল বৃদ্ধির প্রতিবাদে বিজেপির ভিক্টোরিয়া হাউজ অভিযানে কলকাতা হাইকোর্ট অনুমতি দিয়েছে। তবে, ২২শে জুলাই এই মিছিলের ডাক দেওয়া হলেও তা' ২৬শে জুলাই করতে হবে বলে হাইকোর্ট জানায়। বিচারপতি রাজর্ষি ভরদ্বাজ এই মিছিলের জন্য আড়াই ঘন্টা সময় বেঁধে দিয়েছেন। দুপুর আড়াইটে থেকে বিকেল পাঁচটার মধ্যে গোটা কর্মসূচী শেষ করতে হবে। আইন শৃঙ্খলা রক্ষার জন্য পর্যাপ্ত পুলিশ কর্মী মোতায়েনের'ও নির্দেশ দিয়েছে আদালত।

******************

বেহাল বিদ্যুত পরিষেবার বিরুদ্ধে গ্রামবাসীদের বিক্ষোভ অবরোধকে কেন্দ্র করে রণক্ষেত্র মালদার এনায়েতপুরের পরিস্থিতি এখন মোটামুটি স্বাভাবিক। এই ঘটনায় ধৃত ২৬ জনের মধ্যে ৫'জনকে CCTV ফুটেজ খতিয়ে দেখার পর ছেড়ে দেওয়া হয়। অন্যদিকে, বিভিন্ন জায়গায় তল্লাশি চালিয়ে গ্রেপ্তার করা হয় আরো চারজনকে। এই ২৫ জনকে গতকাল মালদা আদালতে তোলা হলে ১৪ দিনের বিচার বিভাগীয় হেফাজতে পাঠানো হয়। আহত আই সি পার্থসারথি হালদার সহ বাকিদের অবস্থা স্থিতিশীল। অতিরিক্ত পুলিশ সুপার সম্ভব জৈন জানিয়েছেন, নতুন করে অশান্তির কোনো খবর নেই।

এদিকে, মানিকচকের ঘটনায় ধৃত জেলার পরিযায়ী শ্রমিক ইউনিয়ানের নেতা কামাল শেখ এবং অন্য গ্রামবাসীদের অবিলম্বে মুক্তির দাবী জানিয়েছে 'ওয়েস্ট বেঙ্গল মাইগ্রেন্ট ওয়ার্কার্স ইউনিয়ন'। সংগঠনের সভাপতি এস এম সাদি এবং সাধারণ সম্পাদক আসাদুল্লা গায়েন, ঘটনার তীব্র নিন্দা করেছেন।

******************

দক্ষিণ ২৪ পরগণরা সোনারপুরে সালিশী সভা বসিয়ে অত্যাচারের ঘটনায় মূল অভিযুক্ত জামালউদ্দিন সর্দারকে পুলিশ অবশেষে গ্রেপ্তার করেছে। তার বিরুদ্ধে

অভিযোগ দায়েরের আটদিন পর বারুইপুরের স্পেশাল অপারেশন গ্রুপ ও সোনারপুর থানার পুলিশ যৌথ অভিযান চালিয়ে, বানতলার লেদার কমপ্লেক্স এলাকা থেকে গতরাতে তাকে গ্রেপ্তার করে।

তাকে আজ বারুইপুর আদালতে তোলার কথা।

ধৃত জামালের বিরুদ্ধে প্রতাপনগর পঞ্চায়েতের সাঙ্গুর গ্রামে তার প্রাসাদোপম বাড়িতে সালিশী সভা বসিয়ে মহিলাকে শিকল দিয়ে বেঁধে মারধোরের গুরুতর অভিযোগ আনা হয়। ১১'ই জুলাই-এর এই অভিযোগের বিষয়টি প্রকাশ্যে আসে ১৬ তারিখে। জামাল সেই অভিযোগ খারিজ করে দিয়ে পাল্টা দাবী করে, জমি-জমা সংক্রান্ত মামলায় তাকে ফাঁসানোর জন্যই এই চক্রান্ত। তারপর সে বেপাত্তা হয়ে যায়। তার বিরুদ্ধে জোর করে জমি দখল ও বাড়িতে বেআইনিভাবে বন্যপ্রাণী পোষার'ও অভিযোগ ওঠে। পুলিশ সূত্রে জানা গেছে, ভিন রাজ্যে চলে যাওয়ার পরিকল্পনা ছিল জামালের। সে কারণেই পরিবারের সঙ্গে সে ফোনে যোগাযোগ করে, আর সেই সূত্রে ধরেই তাকে ধরা হয়।

******************

উত্তর ২৪ পরগণার আড়িয়াদহের তালতলা স্পোর্টিং ক্লাবে মারধোরের ভিডিও করার ঘটনায় অন্যতম অভিযুক্ত পলাতক রাহুল গুপ্তাকে গ্রেফতার করা হয়েছে। বেলঘড়িয়া থানার পুলিশ গতরাতে বরাহনগর স্টেশন এলাকা থেকে তাকে ধরে। ধৃতকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। আজ তাকে আদালতে তোলা হতে পারে।

এই মামলায় মূল অভিযুক্ত জয়ন্ত সিংকে পুলিশ ইতিমধ্যেই গ্রেফতার করেছে।

******************

নদীয়ার কৃষ্ণনগরে তোলাবাজির টাকা দিতে না চাওয়ায় মাছ ব্যবসায়ীকে লক্ষ্য করে দুষ্কৃতীদের গুলি চালানোর ঘটনায় পুলিশ দু'জনকে গ্রেপ্তার করেছে। কুণাল হালদার ও সৈকত হালদার নামে ধৃত ওই দুজনকে আজ আদালতে তোলা হবে। পরিবারের অভিযোগের ভিত্তিতে সিসিটিভি ফুটেজে খতিয়ে দেখে তাদের গ্রেপ্তার করা হয়।

আগেই জানানো হয়েছে, কৃষ্ণনগরের গোয়ারী বাজারের কাছে গতকাল সকালে দুষ্কৃতীরা বিশ্বনাথ ঘোষ নামে ওই ব্যক্তিকে লক্ষ্য করে গুলি চালালে তিনি জখম হন। এরপর, তাঁকে রাস্তায় ফেলে বেধড়ক মারধর করা হয় এবং পিস্তল দিয়ে মাথা ফাটিয়ে দেওয়া হয় বলে অভিযোগ।

আশঙ্কাজনক অবস্থায় বিশ্বনাথবাবু শক্তিনগর হাসপাতালে ভর্তি করা হয়।

******************

দলীয় নেতার মৃত্যুর ঘটনায় উচ্চ পর্যায়ের তদন্ত নিয়ে এখনও অনড় পুরুলিয়া জেলা বিজেপি নেতৃত্ব। বৃহস্পতিবার পশ্চিম মেদিনীপুর জেলার রাধামোহনপুর স্টেশনের কাছে উদ্ধার হয় বিজেপির পুরুলিয়া শহর মণ্ডল সভাপতি সত্যজিৎ অধিকারীর দেহ। ময়না তদন্তের পর গতসন্ধ্যায় দেহ মেদিনীপুর মেডিক্যাল কলেজ থেকে পুরুলিয়া এসে পৌঁছয়। কান্নায় ভেঙে পড়েন পরিজনরা। মৃত নেতাকে পুষ্প স্তবক দিয়ে শ্রদ্ধা জানান বিজেপি এবং অন্য রাজনৈতিক দলের নেতারা। দেহ নিয়ে করা হয় মিছিল। এই মৃত্যু রহস্য জনক দাবী করে ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের জন্য রেল সহ বিভিন্ন দফতরে তিনি চিঠি দিয়েছেন বলে জানিয়েছেন পুরুলিয়ার বিজেপি সাংসদ তথা দলের রাজ্য সাধারণ সম্পাদক জ্যোতির্ময় সিং মাহাতো।

******************

২১ জুলাইয়ের কর্মসূচীতে যোগ দিতে তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকরা বিভিন্ন জায়গা থেকে কলকাতায় এসে পৌঁছেছেন।

গতকাল সমাবেশ স্থল পরিদর্শন করেন কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েল। বিকেলে তিনি ধর্মতলায় ভিক্টোরিয়া হাউসের সামনে পৌঁছন। তার পর মঞ্চ, মঞ্চের আশপাশের এলাকার নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখেন। কথা বলেন দায়িত্বপ্রাপ্ত পুলিশকর্তাদের সঙ্গে। মঞ্চের আশপাশের বহুতলে নিরাপত্তা বিষয়েও খোঁজ করেন তিনি। মঞ্চ থেকে নেমে পুলিশ কমিশনার যান ভিক্টোরিয়া হাউসের ওপরে। সেখান থেকেও প্রয়োজনীয় নির্দেশ দেন পুলিশকর্তাদের।

এদিকে, মঞ্চ পরিদর্শনের পর কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েল জানান, প্রতি বছরের মত এবারও ভিড় সামাল দিতে পর্যাপ্ত পুলিশি ব্যবস্থা থাকবে। তিনটি বিষয়ের উপর গুরুত্ব দেওয়া হয়েছে - নিরাপত্তা, যান-চলাচল ও আইন-শৃঙ্খলা। এজন্য পুলিশের তরফে অনেকদিন আগে থেকেই প্রস্তুতি নেওয়া হয়েছে।  যে কোনো পরিস্থিতি মোকাবিলার জন্য পুলিশ প্রস্তুত।

*****************

উত্তর-পশ্চিম ও সংলগ্ন পশ্চিম-মধ্য বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপ অঞ্চলটি আরও ঘনীভূত হয়ে সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে। এর প্রভাবে দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় আগামী সোমবার পর্যন্ত ভারী বৃষ্টি হবে। তবে, বিক্ষিপ্তভাবে বৃষ্টি হলেও কলকাতায় ভারী বৃষ্টির সম্ভাবনা নেই।

আগামীকাল পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম জেলায় ভারী বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে। বজ্র বিদ্যুৎ সহ ঝড় বৃষ্টি হতে পারে পুরুলিয়া, বাঁকুড়া এবং দক্ষিণ ২৪ পরগণায়।

উত্তরবঙ্গের জলপাইগুড়ি, আলিপুরদুয়ার সহ হিমালয় সন্নিহিত বিভিন্ন জেলাতেও জারি থাকছে হলুদ সতর্কতা।

সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের ২১ শে জুলাই পর্যন্ত গভীর সমুদ্রে না যাবার পরামর্শ দেওয়া হয়েছে।

*****************

নিম্নচাপ ও পূর্ণিমার কোটালের জোড়া ফলায় আবারও দুর্যোগের মুখে দক্ষিণ ২৪ পরগনা। আবহাওয়া দপ্তরের পূর্বাভাস অনুযায়ী জেলায় ঘন্টায় ৫০ থেকে ৬০ কিমি বেগে ঝোড়ো বাতাস বইতে পারে। সঙ্গে ভারী বৃষ্টির ও পূর্বাভাস দেওয়া হয়েছে। আগামী কয়েকদিন সমুদ্র উত্তাল থাকবে।  সেই জন্য আজ ও আগামীকাল মৎস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে। সব ট্রলারকেই গত সন্ধ্যার মধ্যে  নিরাপদ স্থানে চলে যাওয়ার নির্দেশ দেয়  মৎস্যদপ্তর। কোটালের পাশাপাশি আগামীকাল পূর্ণিমার  জন্যেও  সুন্দরবনে নদী ও সমুদ্রের জলস্তর বৃদ্ধি পাওয়ার আশঙ্কা থাকছে। এর ফলে বেহাল নদী ও সমুদ্র বাঁধ নিয়ে আশঙ্কায় সুন্দরবনবাসী। এই পরিস্থিতিতে দুর্বল বাঁধগুলির ওপর নজর

রাখছে প্রশাসন। প্রয়োজন মাফিক  তড়িঘড়ি বাঁধ মেরামতির উদ্যোগ নেওয়া হবে।

উল্লেখ্য, এখন ইলিশ ধরার মরসুম। তারই মধ্যে দুর্যোগের কারণে ট্রলার বন্ধ রাখার ফলে কিছুটা লোকসানের মুখে পড়তে হয়েছে।

******************

মহামেডান স্পোর্টিং আজ কলকাতা প্রিমিয়ার লীগ ফুটবলে ইউনাইটেড স্পোর্টসের বিরূদ্ধে খেলবে। খেলা শুরু হবে দুপুর তিনটেয়।

পাঁচ ম্যাচে মহামেডান স্পোর্টিং এর পয়েন্ট ১০ ।

**********************************************************